# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৭৫

১/ বিবিধ

আরবী

نهى أن يمشي الرجل بين المرأتين

موضوع

أخرجه أبو داود (2 / 352) والعقيلي في " الضعفاء " (126) الحاكم (4 / 280) والخلال في " الأمر بالمعروف " (22 / 2) وابن عدي (3 / 955) من طريق داود بن أبي صالح عن نافع عن ابن عمر مرفوعا، وقال الحاكم: صحيح الإسناد وتعقبه الذهبي بقوله: قلت: داود بن أبي صالح قال ابن حبان: يروي الموضوعات

. قلت: وكذا قال في " الميزان " ثم ذكر عقبه هذا الحديث، وقال المنذري في " مختصر السنن " (8 / 118)

وقال ابن حبان: يروي الموضوعات عن الثقات حتى كأنه يتعمدها، وذكر له هذا الحديث

وقال أبو زرعة: لا أعرفه إلا بهذا الحديث وهو منكر

قلت: وذكر له البخاري في " التاريخ الصغير " (187) هذا الحديث وقال

لا يتابع في حديثه، وكذا قال العقيلي وزاد: ولا يعرف إلا به وتبعه عبد الحق في " الأحكام " (1 / 205) قال: وله فيه لفظ آخر قال: قال رسول الله صلى الله عليه وسلم: " إذا استقبلك المرأتان فلا تمر بينهما خذ يمنة أو

يسرة "، ذكره أبو أحمد بن عدي

قلت: أخرجه من طريق يوسف بن الغرق عن داود به ويوسف كذاب كما تقدم بيانه

تحت رقم (193)

বাংলা

৩৭৫। তিনি পুরুষ ব্যক্তিকে দু’ মহিলার মাঝে চলতে নিষেধ করেছেন।

হাদীসটি জাল।

এটি আবু দাউদ (২/৩৫২), উকায়লী “আয-যুয়াফা” গ্রন্থে (১২৬), হাকিম (৪/২৮০), খাল্লাল “আমর বিল মা’রূফ” গ্রন্থে (২/২২) এবং ইবনু আদী (৩/৯৫৫) দাউদ ইবনু আবী সালেহ সূত্রে নাফে হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। হাকিম বলেনঃ সনদটি সহীহ। যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ দাউদ ইবনু আবী সালেহ সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি জাল হাদীস বর্ণনাকারী।

আমি (আলবানী) বলছিঃ তিনি “আল-মীযান” গ্রন্থে এমনটিই বলেছেন, অতঃপর এ হাদীসটি উল্লেখ করেছন। মুনযের “মুখতাসারুস সুনান” গ্রন্থে (৮/১১৮) বলেনঃ ইবনু হিব্বান বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের থেকে জাল হাদীস বর্ণনাকারী। এমনকি তিনি তা যেন ইচ্ছাকৃতই করতেন। অতঃপর তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

আবু যুরীয়াহ বলেনঃ তাকে একমাত্র এ হাদীসের মাধ্যমেই চিনি। তিনি মুনকার।

বুখারী তার “তারীখুস সাগীর” গ্রন্থে (১৮৭) এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ তার হাদীসের অনুসরণ করা যায় না। অনুরূপ কথা উকায়লীও বলেছেন। তিনি আরো বলেছেনঃ তাকে একমাত্র এ হাদীসের মাধ্যমেই চেনা যায়। আব্দুল হক "আল-আহকাম" গ্রন্থে (১/২০৫) তার অনুকরণ করেছেন, অতঃপর বলেছেনঃ হাদীসটির অন্য ভাষা রয়েছে ...। যেটি উল্লেখ করেছেন আবু আহমাদ ইবনু আদী।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি ইউসুফ ইবনু গারাক সূত্রে দাউদ হতে বর্ণিত হয়েছে। এ ইউসুফ মিথ্যুক, যেমনভাবে তার সম্পর্কে ১৯৩ নং হাদীসে আলোচনা করা হয়েছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন